**DhakaProbe**
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 16 Aug 2026, 04:22 AM

অর্থনীতি

আলোচনা অনুষ্ঠানে গভর্নর

# আ. লীগ আমলে ব্যাংকের এক-তৃতীয়াংশ অর্থ লোপাট, বিপাকে ২ কোটি আমানতকারী

**প্রতিবেদক: অর্থনীতি ডেস্ক**
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০৬ আগস্ট ২০২৬, ০৭:৫০ PM




ছবি সংগৃহীত

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের আমলে ব্যাংক খাতের এক-তৃতীয়াংশ অর্থ লোপাট হয়েছে বলে দাবি করেছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর মো. মোস্তাকুর রহমান। তার মতে, এর প্রভাব পড়েছে প্রায় ২ কোটি আমানতকারীর ওপর।

বৃহস্পতিবার (৬ আগস্ট) ঢাকা বিশ্ববিদ্যালয়ে ডাচ-বাংলা ব্যাংক আয়োজিত 'বাংলা কিউআর' বিষয়ক এক আলোচনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

গভর্নর বলেন, বিগত আওয়ামী লীগ সরকার দেশের অর্থনীতিকে পঙ্গু করে দিয়ে গেছে। ব্যাংকিং খাতের এক-তৃতীয়াংশ অর্থ চুরি হয়েছে।

যাকে খেলাপি ঋণ বলা হচ্ছে, সেটি প্রকৃত অর্থে খেলাপি নয়, চুরি।

তিনি জানান, এ কারণে প্রায় ২ কোটি আমানতকারী ভোগান্তিতে পড়েছেন। এমন পরিস্থিতিতে ব্যাংকিং খাত স্বাভাবিকভাবে পরিচালনা করা কঠিন। বর্তমানে ব্যাংক খাতে মোট খেলাপি ঋণের হার ৩৬ শতাংশ। এটি খাতটির জন্য অশনি সংকেত।

খেলাপি ঋণ কমাতে ১৮ মাসের বিশেষ পরিকল্পনা নেওয়া হয়েছে বলেও জানান গভর্নর। পরিকল্পনার প্রথম ছয় মাসে বুলেট পেমেন্টের মাধ্যমে ঋণ পরিশোধ করে বেরিয়ে যাওয়ার সুযোগ থাকবে। পরের এক বছরে ডিস্ট্রেসড অ্যাসেট ম্যানেজমেন্ট আইন ও অর্থঋণ আদালতের মাধ্যমে ব্যবস্থা নেওয়া হবে।

তিনি বলেন, এ সংক্রান্ত দুটি আইন আগামী সংসদ অধিবেশনেই পাস হতে পারে।

গভর্নর আরও জানান, বেসরকারি খাতে ঋণপ্রবাহ বাড়াতে আগামী সেপ্টেম্বর থেকে ৬০ হাজার কোটি টাকার নতুন ঋণ প্যাকেজ চালু করা হবে।

এ ছাড়া জুলাই যোদ্ধাদের সহায়তায় দেশের প্রতিটি উপজেলায় ৫ হাজার নতুন উদ্যোক্তা তৈরির উদ্যোগ নেওয়া হবে বলেও জানান তিনি।

---


## এ বিভাগের আরও খবর




**ইরান ঘিরে উত্তেজনা, বিশ্ববাজারে আবারও বাড়ল তেলের দাম**
ইরানকে ঘিরে নতুন করে সামরিক উত্তেজনা বাড়ায় শুক্রবার বিশ্ববাজারে তেলের দাম বেড়েছে। যুক্তরাষ্ট্র ইরানের ওপর নৌ অবরোধ অনির্দিষ্টকাল চালিয়ে যাওয়...




**বাংলাদেশের সংস্কার ও বিনিয়োগে গুরুত্ব এডিবির**
এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) দক্ষিণ, মধ্য ও পশ্চিম এশিয়াবিষয়ক ভাইস প্রেসিডেন্ট ইংমিং ইয়াং বাংলাদেশে পাঁচ দিনের সরকারি সফর শেষ করেছেন। সফরে আ...



**দেশে ফের বাড়ল স্বর্ণের দাম**

টানা তিন দফা দেশের বাজারে স্বর্ণের দাম বাড়িয়েছে বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশন (বাজুস)। এবার ভরিতে ১ হাজার ১৩৩ টাকা বাড়িয়ে ভ্যাটসহ ২২ ক্য...

---



**শপিংমল-দোকানপাট খোলা রাখার নতুন সময় নির্ধারণ**

বিদ্যুৎ সাশ্রয় ও বিদ্যুৎ ব্যবস্থাপনার অংশ হিসেবে দেশের সব শপিংমল, মার্কেট ও দোকান রাত ৮টার মধ্যে বন্ধ করার নির্দেশ দিয়েছে সরকার। একই সঙ্গে স...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/economy/a-lig-amle-bjangker-ek-tritiyangsh-orth-lopat-bipake-2-koti-amantkari